

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি উপাচার্য ও জাইকা প্রধানের সৌজন্য সাক্ষাত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) প্রধান প্রতিনিধি (বাংলাদেশ অফিস) ইচিগুচি তোমোহিদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন। আজ মঙ্গলবার (৬ মে ২০২৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উভয়ের মাঝে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়।

সাক্ষাতকালে উপাচার্য নোবিপ্রবি'র শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ে পানির লবণাক্ততা দূরীকরণে জাইকা প্রধানের সহযোগিতা কামনা করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাইকা প্রধানকে নোবিপ্রবি পরিদর্শনের আমন্ত্রণ জানান।

প্রসঙ্গত, এর আগে নোবিপ্রবি উপাচার্য ঢাবি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত ফিফথ জাইকা লেকচার 'দ্যা হিস্ট্রি এন্ড ফিউচার অব নার্সিং ইন জাপান এন্ড বাংলাদেশ' শীর্ষক সেমিনারে অংশ নিয়ে বক্তব্য প্রদান করেন। বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নার্সিংকে মানুষের জন্য একটি কল্যাণকর সেবামূলক পেশা হিসেবে উল্লেখ করেন। এসময় তিনি বলেন, নার্সিংয়ের মাধ্যমে সমাজের বয়োজ্যেষ্ঠ, গরীব ও অসহায়দের পাশে দাঁড়ানো, সেবা প্রদান তথা জনহিতকর কাজের সুযোগ প্রসারিত হয়।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪